| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (পিএসসি) কর্তৃক উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে।<br><br>অন্যদিকে, ইইডি কর্তৃক ১১ থেকে ১৬তম গ্রেডের তৃতীয় শ্রেণির বিভিন্ন পদে সুপারিশকৃত ৬৩৮ জন এর মধ্যে ৪৭৩ জন কর্মচারী যোগদান করেছেন। তন্মধ্যে ৮০ জন অব্যাহতি চেয়ে আবেদন করেছেন। বর্তমানে ১১-১৬তম গ্রেডের বিভিন্ন পদে ৪১১ জন কর্মরত আছেন। ১১ থেকে ১৬তম গ্রেডের তৃতীয় শ্রেণির বিভিন্ন পদ যেমন- হিসাবরক্ষণ অফিসার, উচ্চমান সহকারী, হিসাব সহকারী কাম ক্যাশিয়ার, ডাটা এন্ট্রি অপারেটর, সাঁট মুদ্রাক্ষরিক পদের বিদ্যমান শূণ্যপদে নিয়োগের জন্য মন্ত্রণালয়ে ছাড়পত্রের নিমিত্ত পত্র প্রেরণ করতে হবে। এ অধিদপ্তর হতে অফিস সহায়ক পদে ৫১৫টি শূন্যপদ পূরণের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বর্তমানে অফিস সহায়ক পদের ফলাফল প্রক্রিয়াধীন রয়েছে। আগামী ২ সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ হবে মর্মে আশা করা যায়।<br><br>এ ছাড়া, গাড়িচালক এর রাজস্বখাতভুক্ত ০৯টি এবং আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের জন্য নিরাপত্তা প্রহরী ও সুইপার এর ৬৪৭টি পদ রয়েছে যেগুলোর নিয়োগ প্রক্রিয়া শুরু করা যায়।<br><br>নির্বাহী প্রকৌশলী জনাব জয়নাল আবেদীন সার্ভেয়ার পদ সৃজনের প্রস্তাব পেশ করেন।<br><br>উপপরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, হিসাব সহকারী/হিসাব সহকারী কাম ক্যাশিয়ার/অফিস সহকারী কাম ক্যাশিয়ার এই ৩টি ভিন্ন পদকে একসাথে সৃজন করা হয়েছে যা পৃথকভাবে সৃজনের প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো. আবু ছায়িদ চৌধুরী হিসাব সহকারী পদে বাণিজ্য শাখা ব্যতিত অন্য শাখায় উত্তীর্ণ কর্মচারীদের জন্য পদোন্নতির সুযোগ রেখে নিয়োগবিধি সংশোধনের প্রস্তাব করেন।<br><br>সহকারী প্রকৌশলী জনাব মো. সিরাজুল ইসলাম উপজেলা পর্যায়ে সদ্য পদায়নকৃত ডাটা এন্ট্রি অপারেটরগণকে উপজেলা অফিস স্থাপনপূর্বক উপজেলায় পদায়ন করার প্রস্তাব করেন। | | |

| ক্রম | আলোচ্য বিষয় | অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | সমন্বয় ও মনিটরিং করবেন। ডিজাইন শাখায় কর্মরত সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)গণকে Non-prototype Design এ কাজ করতে হবে।<br>১৬.৩) প্রধান কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ডিজাইন) এর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে পরবর্তী মাস হতে নির্দিষ্ট একটি স্থান হতে ডিজাইন ও ড্রয়িং ইস্যু করতে হবে।<br>১৬.৪) ডিজাইন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে প্রধান প্রকৌশলী এঁর সভাপতিত্বে শীঘ্রই একটি সভার আয়োজন করতে হবে।<br>১৬.৫) প্রস্তুতকৃত নোটপ্যাড সংশ্লিষ্ট সকলের কাছে দ্রুত সরবরাহ করতে হবে।<br>১৬.৬) শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য সহকারী প্রকৌশলী জনাব রতিশ চন্দ্র সেন নিয়মিতভাবে হালনাগাদ করবেন এবং এ সংক্রান্ত ওয়েব পেজটি পুনরায় চালু ও যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করবেন। সংশ্লিষ্ট সফটওয়্যার-এ তথ্য হালনাগাদ বিষয়ে সার্কেল ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে ওয়ার্কশপ করতে হবে।<br>১৬.৭) ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি বছরের নির্দিষ্ট সময়ে প্রকাশ করতে হবে এবং ৩ মাস মেয়াদব্যাপী ঠিকাদার তালিকাভুক্তির আবেদন সংগ্রহ করতে হবে।<br>১৬.৮) গাড়ীচালক ও লিফটম্যানদের জন্য নির্ধারিত পোশাকের ব্যবস্থা করতে হবে। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মো: জরজিসুর রহমান লিফ্টম্যানদের ডিউটি রেজিস্টার প্রণয়নপূর্বক রোস্টার তৈরি করবেন।<br>১৬.৯) সচিবালয় নির্দেশিকা ২০১৪ অনুসরণপূর্বক অত্র দপ্তরের সকল প্রকার চিঠি/পত্র/নথি জারি করতে হবে এবং সকল ডেস্ক নথিতে ফাইল উপস্থাপন করবে। দৈনিক মজুরি ভিত্তিতে কর্মরত কোন কর্মচারী নথি উপস্থাপন করবেন না<br>১৬.১০) করিডোরে কর্মকর্তা/কর্মচারীগণের অফিস স্পেস প্রস্তুত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>১৬.১১) গাড়ি বরাদ্দপ্রাপ্ত সকল কর্মকর্তাবৃন্দকে গাড়ি লগ বই নিয়মিতভাবে স্বাক্ষর করতে হবে এবং গাড়ির তেল/গ্যাস বিলে স্ব স্ব কর্মকর্তা স্বাক্ষরপূর্বক বিলটি হিসাব শাখায় প্রেরণ করতে হবে।<br>১৬.১২) আগামী ১৭ মার্চ ২০২৩ বঙ্গবন্ধু জন্ম বার্ষিক উপলক্ষ্যে কর্মসূচির আয়োজন করতে হবে। বঙ্গবন্ধুর জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু | ৬) জনাব রতীশ চন্দ্র সেন, সহকারী প্রকৌশলী (সিভিল)<br>৭) জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) |

